

৩৭ Report-

## ঢাকা মেডিকেল ডাক্তার নিয়োগে অনিয়ম : প্রতিবাদে শিক্ষার্থীদের মানববন্ধন

নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকা মেডিকেল অনারারি ডাক্তার নিয়োগে অনিয়ম এবং এ মেডিকেল কলেজের শিক্ষার্থীদের প্রশিক্ষণের সুযোগ থেকে বঞ্চিত করার প্রতিবাদে মানববন্ধন ও কালোবাজি ধারণ কর্মসূচি পালন করেছেন একই মেডিকেলের দেড়শতাধিক সাবেক শিক্ষার্থী। গতকাল সোমবার সকালে মেডিকেল কলেজ গেটে তারা এ কর্মসূচি পালন করেন। কর্মসূচি শেষে ৩ দফা দাবিতে কলেজ অধ্যক্ষ ও মেডিকেল পরিচালকের কাছে স্মারকলিপি দেন তারা।

জানা গেছে, চলতি জানুয়ারি মাসে ২০০৮ বৎসনে ঢাকা মেডিকেল কর্তৃক বিভিন্ন বিভাগের ৪০টি খালি পদে অনারারি ডাক্তার নিয়োগ করা হয়। এতে এ মেডিকেলের শিক্ষার্থীদের মধ্যে থেকে নিয়োগ পান মাত্র ১০ জন। বাকি ৩০টি পদে বিভিন্ন মেডিকেল কলেজ থেকে পান করা শিক্ষার্থীদের নিয়োগ দেয়া হয়। আর এ নিয়োগের তীব্র প্রতিবাদ জানিয়ে গতকাল সোমবার সকাল সাড়ে ১১টায় ঢাকা মেডিকেল কলেজের দেড়শতাধিক সাবেক শিক্ষার্থী কলেজ গেটে ১ ঘণ্টাব্যাপী মানববন্ধন ও কালোবাজি ধারণ কর্মসূচি পালন করে। কর্মসূচির নেতৃত্ব দেন ম. জনজীর নিয়োগ : পৃষ্ঠা : ২ ক : ২

### নিয়োগ : ডাক্তার (১ম পৃষ্ঠার পর)

জালাল। কর্মসূচি শেষে এক সংক্ষিপ্ত প্রতিবাদ সমাবেশে তারা অভিযোগ করে বলেন, এ মেডিকেল কলেজ থেকে পান করেও তাদের এ মেডিকলে ডিক্লিনেশন প্রক্রিয়া নেয়ার সুযোগ কম। এ মেডিকেল কলেজে শিক্ষার্থীদের ৫ বছরের শিক্ষাজীবন শেষে এক বছর ইন্টার্নশিপ করতে হয়। কিন্তু ছয় বছরের এ শিক্ষাজীবন শেষে এ মেডিকলে অনারারি ডাক্তার হিসেবে নিয়োগের কার্যকর কোন নিয়ম না থাকায় তারা ব্যর্থতার বঞ্চিত হচ্ছেন। যেখানে অন্যান্য মেডিকেল কলেজ হাসপাতালে ডাক্তার নিয়োগের ক্ষেত্রে একই মেডিকেল কলেজের শিক্ষার্থীরা সুযোগ পান বেশি সেখানে এ মেডিকেল কলেজে তার বিপরীত অবস্থা বিদ্যমান। তারা আরও অভিযোগ করেছেন, সম্প্রতি কর্তৃক বিভিন্ন বিভাগের এ নিয়োগ নিয়ে কথা বলতে গেলে মেডিকেল কলেজ প্রশাসন জানিয়েছে দপ্তারির মাধ্যমে অনারারি ডাক্তার নিয়োগ দেয়া হয়েছে।